



যায়যায়দিন

যায়যায়দিন, ০৩-১০-২০২২, পৃষ্ঠা- ০৭



শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যসেবা দেবে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

■ শিক্ষা জগৎ ডেস্ক

শিক্ষার্থীদের নেতিবাচক চিন্তা থেকে দূরে রাখতে শ্রয়ী সামাজিক-মানসিক সেবা কেন্দ্রের উদ্বোধন করেছে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। রোববার ২ অক্টোবর ২০২২ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রফেসর ড. এম. এম. শহীদুল হাসান এই সেবা কেন্দ্রটির উদ্বোধন করেন। এ সময় উপ-উপাচার্য, প্রফেসর ডক্টর মোহাম্মদ জিয়াউল হক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও বিভিন্ন বিভাগের প্রধান ছিলেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মনে করে বর্তমান সময়ে শিক্ষার্থীরা নেতিবাচক চিন্তা, খারাপ আচরণ, আর্থিক সংকট, পাশাপাশি শিক্ষাগত চাপ, সমর্থনের অভাব, দুর্বল যোগাযোগ দক্ষতা, সম্পর্কের সংকট, বিচ্ছেদ, বৈষম্য, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পড়ার হীনমন্যতা ইত্যাদি নানা ধরনের মানসিক চাপের ভেতর দিয়ে যাচ্ছে।

সামাজিক-মানসিক সেবা কেন্দ্র তাদের নেতিবাচক চিন্তাভাবনা দূর করতে এবং ভারসাম্যপূর্ণ জীবনযাপনের জন্য নতুন কৌশল গ্রহণ করতে সহায়তা করবে। এ ছাড়া উদ্বেগ, বিস্মৃতি, রাগ, চাপ এবং অন্য মানসিক স্বাস্থ্যের অবস্থা বুঝে সঠিক পদক্ষেপ নিতে সহায়তা করবে। পাশাপাশি তাদের আত্মবিশ্বাস বাড়াবে এবং সামাজিক ভীতি দূর করবে। শেষ পর্যন্ত এটি তাদের ব্যক্তিগত এবং একাডেমিক উভয় ক্ষেত্রেই কার্যকরী সিদ্ধান্ত নিতে সাহায্য করবে বলেই মনে করছে বিশ্ববিদ্যালয়টি।